ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪৯২

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৫

**ডেন্টাল কলেজের "অর্থোডন্টিক্স এবং ডেন্টোফেসিয়াল অর্থোপেডিক্স" ডিপার্টমেন্টের সাফল্য**



দাঁতের নানা জটিল রোগ ও সমস্যায় চিকিৎসা পরিষেবা এখন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ নিয়মিতভাবে প্রদান করছেন। পাশাপাশি মুখগহ্বরের ও চোয়ালের নানা জটিল সমস্যার চিকিৎসা এবং অস্ত্রোপচার এখন সম্পূর্ণ বিনামূল্যেই এই হাসপাতালের উপলব্ধ। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে যে ডিপার্টমেন্টে এই পরিষেবা প্রদান করা হয় এটি হল "অর্থোডন্টিক্স এবং ডেন্টোফেসিয়াল অর্থোপেডিক্স"। দাঁতের সঠিক অবস্থান এবং চোয়ালের ত্রুটি সংশোধনের ক্ষেত্রে এই ডেন্টোফেসিয়াল অর্থোপেডিক্স ডিপার্টমেন্টে মুখের বৃদ্ধি এবং চোয়াল ও মুখের হাড়ের কাঠামোগত সমস্যাগুলো সংশোধন করার প্রক্রিয়া করা হয়ে থাকে। এই ডিপার্টমেন্টে অর্থোডন্টিক পদ্ধতির মাধ্যমে মুখমণ্ডলের সৌন্দর্য ও দন্ত কার্যক্ষমতা উন্নত করার উপর গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও স্থায়ী, অপসারণযোগ্য এবং মায়োফাংশন্যাল চিকিৎসা প্রদান করা হয়ে থাকে, যা সব বয়সের রোগীদের জন্য উপযোগী। উন্নত চিকিৎসা সুবিধাসম্পন্ন এবং আধুনিক যন্ত্রপাতিতে সমৃদ্ধ এই ডিপার্টমেন্টে রোগীদের সর্বাঙ্গীণ অর্থোডেন্টিক চিকিৎসা প্রদান করা হচ্ছে।

আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজে প্রতিষ্ঠার পর থেকে, এই অর্থোডন্টিক্স ডিপার্টমেন্টে রোগী পরিষেবা এবং ক্লিনিক্যাল ফলাফলের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এক্ষেত্রে গত এক থেকে দুই বৎসর অর্থোডন্টিক চিকিৎসায় এখন পর্যন্ত অর্থোডন্টিক ওপিডি-তে মোট ১,৪৭৭ জন রোগী পরিষেবা লাভ করেছে, এর মধ্যে নতুন অন্তর্ভুক্ত রোগী হল ৪৯৬ জন। এছাড়াও ৭৫টি কেইসের ক্ষেত্রে ফিক্সড মেকানোথেরাপি পদ্ধতিতে সফল চিকিৎসা করা হয়েছে। যেখানে বক্র দাঁত এবং চোয়ালের সমস্যা সংশোধনের জন্য স্থায়ী ব্র্যাকেট ব্যবহার করা হয় এবং ৬টি কেইসে সফলভাবে ডেন্টাল বন্ডিং বা (ডিবন্ড) সম্পন্ন করা হয়েছে।

এই পরিসংখ্যান প্রমাণ করে অর্থোডন্টিক চিকিৎসা সম্পর্কে ক্রমবর্ধমান সচেতনতার ফলে রাজ্যে রোগীদের মধ্যে আস্থা ও বিশ্বাস প্রতিফলিত হচ্ছে। প্রতিটি কেইস-এ বিশেষজ্ঞ চিকিৎসকগণ মানসম্মত ও সমস্ত ক্লিনিক্যাল প্রোটোকল অনুযায়ী সতর্কতার সঙ্গে মূল্যায়ন, নির্ণয় ও চিকিৎসা করে থাকে, যাতে সর্বোত্তম ফলাফল ও সাফল্য নিশ্চিত করা যায়। সর্বোপরি এই ডিপার্টমেন্টটি রাজ্যের মানুষের মুখে সুন্দর হাসি ও নিজেদের আত্মবিশ্বাস বৃদ্ধির লক্ষ্যেই সর্বদা মানসম্পন্ন অর্থোডন্টিক পরিষেবা প্রদান করে চলেছে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*******